

বিষয়: Mid-Career Training Programme in Field Administration for Civil Servants of Bangladesh শীর্ষক প্রশিক্ষণের ২৫ তম ব্যাচের জন্য কর্মকর্তা মনোনয়ন।


উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Mid-Career Training Programme in Field Administration for Civil Servants of Bangladesh এর ২৫ তম ব্যাচের প্রশিক্ষণ আগামী ২৫/০২/২০১৬ হতে ০৮/০৩/২০১৬ তারিখ মেয়াদে NCGG, India তে অনুষ্ঠিত হবে।

২। উক্ত ব্যাচের প্রশিক্ষণে নিম্নবর্ণিত বিভাজন মোতাবেক সুনির্দিষ্ট কর্মকর্তাগণের মনোনয়ন প্রস্তাব আগামী ১১/০১/২০১৬ তারিখের মধ্যে সংযুক্ত ছকে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

বিভাগের নাম	কর্মকর্তার পদবী	সংখ্যা
ঢাকা	উপপরিচালক, স্থানীয় সরকার/জেলা পরিষদের	৮
চট্টগ্রাম	সচিব/পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা/	১১
রাজশাহী	অতিরিক্ত জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার	৫
খুলনা		৫
বরিশাল		৪
সিলেট		৩
রংপুর		৪
ময়মনসিংহ		৪

- ৩। মনোনয়নের ক্ষেত্রে কর্মসম্পাদন ও জ্যেষ্ঠতা বিবেচনা করতে হবে এবং দুর্গম এলাকায় কর্মরত কর্মকর্তাগণকে অগ্রাধিকার দিতে হবে।
- ৪। মনোনীত কর্মকর্তাবৃন্দের কমপক্ষে ৬ মাস মেয়াদ (অক্টোবর ২০১৬ পর্যন্ত) সম্পন্ন মেশিন রিডেবল অফিসিয়াল পাসপোর্ট থাকতে হবে।
- ৫। ইতঃপূর্বে যে কোন পর্যায়ে যারা এ কোর্সে অংশগ্রহণ করেছেন তাদের ব্যতিত কর্মকর্তা মনোনয়ন দেয়া যাবে।
- ৬। অনাগ্রহী কর্মকর্তা বা পদ হতে প্রত্যাহারের আদেশপ্রাপ্ত কর্মকর্তাদের মনোনয়ন দেয়া যাবে না।
- ৭। প্রতি সেট রেজিস্ট্রেশন ফরমের সাথে সম্প্রতি তোলা ১ কপি পাসপোর্ট সাইজের ছবি, ১ কপি জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ১ কপি অফিসিয়াল পার্সপোর্টের ফটোকপি এবং ১ কপি সর্বশেষ অর্জিত শিক্ষাগত সনদের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ৮। রেজিস্ট্রেশন ফরম ও ফরম পূরণের গাইড লাইন জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে (Training → Foreign Training) ডাউনলোড করা যাবে। উক্ত ফরমের ৬নং কলাম ব্যতিত সকল কলাম অবশ্যই কম্পিউটারে কম্পোজকৃত হতে হবে।
- ৯। মনোনীত কর্মকর্তাবৃন্দের রেজিস্ট্রেশন ফরম প্রাপ্তির পর মন্ত্রণালয় থেকে মনোনয়ন চূড়ান্ত করা হবে।
- ১০। মনোনীত কর্মকর্তাবৃন্দের যথাযথভাবে পূরণকৃত ৩ সেট রেজিস্ট্রেশন ফরম আগামী ১১/০১/২০১৫ তারিখের মধ্যে সরাসরি জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ অধিশাখায় (ভবন নং-২, ২য় তলা, কক্ষ নং-১০৯) অবশ্যই পৌছাতে হবে। এ বিষয়ে মনোনীত কর্মকর্তাবৃন্দকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত: নির্ধারিত ছক ১ ফর্দ।


(ড. আবদুল হামিদ)
উপসচিব
ফোনঃ ৯৫৭৪৪২৬

কমিশনার

ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/ রংপুর/ খুলনা/ সিলেট/ বরিশাল/ময়মনসিংহ বিভাগ।

অনুলিপি:

- ১। জেলা প্রশাসক.....(সকল)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৪। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৬। অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (সিপিটি/এপিডি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৭। যুগ্মসচিব (প্রশিক্ষণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।

ছক

ভারতে অনুষ্ঠেয় Mid-Career Training for Field Administration of Bangladesh Civil Servants শীর্ষক প্রশিক্ষণের ২৫তম ব্যাচে -----বিভাগ হতে মনোনীত কর্মকর্তার তালিকা

ক্রমিক নং	মনোনীত কর্মকর্তার নাম (বাংলা ও ইংরেজীতে) ও পরিচিতি নং	পদবী, বর্তমান কর্মস্থল ও ব্যাচ নং	জন্ম তারিখ ও বয়স (ফেব্রুয়ারি ২০১৬)	মোবাইল নম্বর	ই-মেইল এড্রেস	অফিসিয়াল মেশিন রিডেবল পাসপোর্ট নম্বর, ইস্যু ও মেয়াদ উত্তীর্ণের তারিখ
১	২	৩	৪	৫	৬	৭

Handwritten signature